দৈনিক জনকণ্ঠ

২৮/১১/২০০৩

তারিখ ... পৃষ্ঠা ৬ ... কলাম ৪

# বই ক্রয়ে দুর্নীতির অভিযোগে তিন ব্যক্তির বিরুদ্ধে মামলা হচ্ছে

মনির হায়দার ॥ বিগত সরকারের আমলে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ একটি প্রকল্পের আওতায় বই ক্রয়ে ব্যাপক দুর্নীতির অভিযোগে দুই বিশিষ্ট ব্যক্তিসহ মোট তিন ব্যক্তির বিরুদ্ধে আজকালের মধ্যেই দুর্নীতির মামলা দায়ের করা হচ্ছে। এ ব্যাপার এরই মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুমোদন পাওয়া গেছে। এছাড়াও দুর্নীতি এবং ক্ষমতার অপব্যবহারের অভিযোগে পূর্ত মন্ত্রণালয়ের এক যুগ্ম সচিবসহ ৫/৬ জন সরকারী কর্মকর্তাকে আজকালের মধ্যেই বাধ্যতামূলক অবসর দেয়া হচ্ছে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বুধবার এ সংক্রান্ত ফাইলে স্বাক্ষর করেছেন বলে জানা গেছে।

ংশ্লিষ্ট একটি সূত্র জানিয়েছে, প্রায় বছর আগে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ একটি প্রকল্পের আওতায় বই ক্রয়ে ্যাপক আর্থিক অনিয়ম ও দুর্নীতির ভিযোগ ওঠে। অভিযোগের প্রেক্ষিতে র্নীতি দমন ব্যুরোর পক্ষ থেকে তখন ষয়টি তদন্ত করা হয়। এতে দেখা যায় য, তৎকালীন ক্ষমতাসীন মহলের নিষ্ঠভাজন দুই বিশিষ্ট ব্যক্তিই ঘটনার ঙ্গে জড়িত। এ কারণে সংশ্লিষ্ট দন্তকারী কর্মকর্তা সে সময় বিষয়টি য়ে আর বেশি দূর অগ্রসর হননি। এ ... সঙ্গেই তিনি বিষয়টি উর্ধতন রাজনৈতিক মহলের গোচরে আনেন। তাৎক্ষণিকভাবে সংক্ষিপ্ত পর্যালোচনার পর ঘটনার সত্যতা পেয়ে ওপরের মহল মামলা করার ব্যাপারে গ্রীন সিগন্যাল দেয়। সে অনুযায়ী দ্রুত তৈরি হয়ে যায় ফাইল। বুধবার ওই ফাইলে সই করেন প্রধানমন্ত্রী। এখন আজকালের মধ্যেই সংশ্লিষ্ট কথিত অভিযুক্তদের বিরুদ্ধে দায়ের করা হবে দুর্নীতির মামলা। সূত্র জানিয়েছে, যাঁদের বিরুদ্ধে মামলা করা হবে, তাঁদের মধ্যে রয়েছেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠানের চুক্তিভিত্তিক নিযুক্ত মহাপরিচালক, একটি জাতীয় দৈনিকের বার্তা সম্পাদক ও তথ্য অধিদফতরের এক কর্মকর্তা। এঁরা সবাই ওই প্রকল্পে ক্রয় কমিটির সদস্য ছিলেন।

এদিকে প্রশাসনের বিভিন্ন পর্যায়ে বেশ কিছু মুক্তিযোদ্ধা ও প্রগতিশীল কর্মকর্তাকে 'ভিন্ন মতাবলম্বী' চিহ্নিত করে তাঁদের বিরুদ্ধে নানা রকম শাস্তি ও হয়রানিমূলক পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত হয়েছে বলে জানা গেছে। এই উদ্যোগের শুরুতেই সাবেক প্রধানমন্ত্রীর কার্যালয়ের এক মহাপরিচালক, যিনি বর্তমানে পূর্ত মন্ত্রণালয়ে যুগ্ম সচিব হিসাবে কর্মরত, তিনি সহ ৫/৬ জন কর্মকর্তাকে